

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬৯৪

২৬/ জিহাদ (খুড্ডি كتاب الجهاد عن رسول الله الله المجهاد عن المجها

পরিচ্ছেদঃ যুদ্ধে টিকে থাকা।

باب مَا جَاءَ فِي الثَّبَاتِ عِنْدَ الْقِتَالِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا سُفْيَانُ التَّوْرِيُّ، حَدَّثَنَا أَبُو السُّحِاقَ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِب، قَالَ قَالَ لَنَا رَجُلُّ أَفَرَرْتُمْ عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يَا أَبَا عُمَارَةَ قَالَ لاَ وَاللَّهِ مَا وَلَّى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَلَكِنْ وَلَّى سَرَعَانُ النَّاسِ تَلَقَّتُهُمْ هَوَازِنُ بِالنَّبْلِ وَرَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى بَغْلَتِهِ وَأَبُو سَرَعَانُ النَّاسِ تَلَقَّتُهُمْ هَوَازِنُ بِالنَّبْلِ وَرَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى بَغْلَتِهِ وَأَبُو سَدُعْانَ بْنُ الْحَارِثِ بْنِ عَبْدِ الْمُطَّلِبِ آخِذُ بلِجَامِهَا وَرَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " أَنَا النَّبِيُّ لاَ كَذِبْ أَنَا ابْنُ عَبْدِ الْمُطَّلِبُ " . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ عَلِيّ وَابْن عُمَرَ . وَهَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

১৬৯৪। মুহাম্মদ ইবনু বাশশার (রহঃ) ... বারা ইবন আযিব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। একবার তাকে জনৈক ব্যক্তি বলল, হে আবূ উমারা, আপনারা কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে রেখে (হুনায়ন যুদ্ধের সময়) পলায়ন করেছিলেন? তিনি বললেন, না, আল্লাহর কসম রাসূলুল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনও পলায়ন করেনি। কিছু তাড়াহুড়াকারী লোক পলায়ন করেছিল। হাওয়াযিন গোত্রের শক্ররা তীর নিয়ে তাদের সম্মুখীন হয়েছিল। তখন রাসূলুল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর খচ্চরের উপর সওয়ার ছিলেন এবং আবূ সুফইয়ান ইবনু হারিছ ইবনু আবদুল মুত্তালিব এর লাগাম ধরে দাঁড়িয়ে ছিলেন। আর রাসূলুল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেনঃ

أَنَا النَّبِيُّ لاَ كَذِبْ أَنَا ابْنُ عَبْدِ الْمُطَّلِبْ

নবীই আমি মিথ্যা নয়



আবদুল মুত্তালিবের ছেলে সুনিশ্চয়।

সহীহ, মুখতাসার শামাইল ২০৯, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৬৮৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী ও ইবনু উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ।

English

Narrated Abu Ishaq:

From Al-Bara' bin 'Azib who said: "A man said to us: 'Did you flee from the Messenger of Allah (**) O Abu 'Umarah ?'" He said: "No, By Allah! I did not flee from the Messenger of Allah (**), but som hasty people fled and (the tribe of) Hawazin assaulted them with arrows. The Messenger of Allah (Saws) was on his white muls, and Abu Sufyan bin Al-Harith bin 'Abdul Muttalib was holding its reigns. The Messenger of Allah (**) was saying: 'I am the Prophet without lie, I am the son of 'Abdul-Muttalib.'"

[Abu 'Eisa said:] There are narrations on this topic from 'Ali, and Ibn 'Umar.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন